গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
সাধারণ প্রশাসন শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০১.৯৯.০০১৭.২৫.৮০০২

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **জুলাই গণঅভ্যুত্থান বর্ষপূর্তি পালন উপলক্ষ্যে দেশব্যাপী "২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন" প্রতিযোগিতার নির্দেশিকা বাস্তবায়ন এবং জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা-২০২৫ প্রতিপালন প্রসঙ্গে।**

সূত্র: (১) অত্র অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২০০০০.১০১.২৩.০০১.২৫.২৪১০/৫, তারিখ: ০৮/০৭/২০২৫ খ্রি.
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং -৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২-২২৮, তারিখ: ১০ জুলাই ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জুলাই গণঅভ্যুত্থান বর্ষপূর্তি পালন উপলক্ষ্যে সূত্রোক্ত ১নং স্মারকে জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা-২০২৫ প্রেরণ করা হয়। সুত্রোক্ত ২নং স্মারক পত্রে বর্ণিত নির্দেশিকা মোতাবেক সারাদেশে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে "২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন" প্রতিযোগিতা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। উল্লেখ্য যে, জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা-২০২৫ মোতাবেক ২৪ জুলাই ২০২৫ তারিখ সারাদেশের স্কুলগুলোতে 'জুলাই ২৪' নিয়ে নির্মিত চলচ্চিত্র প্রদর্শন এবং ৩১ জুলাই ২০২৫ তারিখ কলেজগুলোতে 'জুলাই গণঅভ্যুত্থান' নিয়ে অনুষ্ঠান ও চলচ্চিত্র প্রদর্শনের আয়োজন করতে হবে। এছাড়া, উক্ত অনুষ্ঠানমালায় এ অধিদপ্তরের আওতাধীন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য অংশটুকু প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৪-০৭-২০২৫
মো: খালিদ হোসেন
সহকারী পরিচালক
০২-৯৫৫৬৪৩২
ad-admin@dshe.gov.bd

বিতরণ **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/এইচএসটিটিআই (সকল)।
২। অধ্যক্ষ, সরকারি কলেজ/বেসরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ (সকল)।
৩। উপপরিচালক (কলেজ)/উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৪। জেলা শিক্ষা অফিসার (সকল), ,।
৫। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)।
৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ,।

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১০১.৯৯.০০১৭.২৫.৮০০২/১ (৫)

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);।

৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

৫। সংরক্ষণ নথি, ,।

১৪-০৭-২০২৫
মো: খালিদ হোসেন
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২- ২২৮ তারিখ : ২৬ আষাঢ় ১৪৩২ / ১০ জুলাই ২০২৫

বিষয়: জুলাই গণঅভ্যুত্থান বর্ষপূর্তি পালন উপলক্ষ্যে দেশব্যাপী "২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন" প্রতিযোগিতার নির্দেশিকা প্রেরণ

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র সংখ্যা- ৩৭.০২.০০০০.০০০.১০১.৯৯.০০১৫.২৫.৭৯৬৮, তারিখ: ১০/০৭/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জুলাই গণঅভ্যুত্থান বর্ষপূর্তি পালন উপলক্ষ্যে দেশব্যাপী "২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন" প্রতিযোগিতার নির্দেশিকা বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(জাবের মো: সোয়াইব)
পরিচিতি নম্বর: ১৭৬৮৭
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮৪৫৮২
ই-মেইল: as.admin2@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। বিভাগীয় কমিশনার (সকল)।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক (সকল)।
০৬। উপসচিব (সাধারণ অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
১০। জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২- ২২৮/১ (৮৩) তারিখ : ২৬ আষাঢ় ১৪৩২ / ১০ জুলাই ২০২৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। অফিস কপি।

(জাবের মো: সোয়াইব)
সিনিয়র সহকারী সচিব

## "২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন" প্রতিযোগিতার নির্দেশিকাঃ

জুলাই গণঅভ্যুত্থান বর্ষপূর্তি পালন উপলক্ষ্যে দেশব্যাপী জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জাতীয় পর্যায়ে উদ্‌যাপনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় তারিখ ভিত্তিক অনুষ্ঠানমালা মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব করেছে। উক্ত প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগ সকল বিভাগে অগ্রায়ণ করেছে। অনুষ্ঠানমালার মধ্যে দেশব্যাপী মাধ্যমিক (স্কুল/সমপর্যায়ের কারিগরি ও মাদ্রাসা) ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে (কলেজ/সমপর্যায়ের কারিগরি ও মাদ্রাসা) "২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন" প্রতিযোগিতা, সৃজনশীল রচনা ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সাথে সংশ্লিষ্ট। পরিপ্রেক্ষিতে সারাদেশের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে গ্রাফিতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠানের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় "২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন" প্রতিযোগিতার অনুষ্ঠানের সার্বিক পরিচালনার জন্য নিম্নরূপ নির্দেশিকা প্রণয়ন করা হলো:

০১। "২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন" প্রতিযোগিতার বিষয়বস্তু হতে হবে ২০২৪ এর জুলাইয়ের গণঅভ্যুত্থান কেন্দ্রিক।

০২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১০ জুলাই ২০২৫ তারিখের ৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২.২২৫নং স্মারকের অফিস আদেশ মোতাবেক গঠিত কমিটিসমূহের মাধ্যমে প্রতিযোগিতা সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও মূল্যায়ন করতে হবে।

০৩। সংশ্লিষ্ট কমিটি "২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন" প্রতিযোগিতার স্থান নির্ধারণ করবে। কোনো স্পর্শকাতর, সংবেদনশীল ও বিতর্কিত স্থান গ্রাফিতি অঙ্কনের জন্য নির্ধারণ করা যাবে না।

০৪। আগ্রহী প্রতিষ্ঠান কমিটি কর্তৃক নির্ধারিত স্থান/দেয়ালে নিজেদের ছাত্র-ছাত্রীদের দ্বারা প্রতিযোগিতায় অংশ নেবে। গ্রাফিতি অঙ্কনের প্রয়োজনীয় সরঞ্জাম ছাত্র-ছাত্রীরা অথবা প্রতিষ্ঠান সরবরাহ করবে। নিজস্ব আর্থিক ব্যবস্থাপনায় এটি করতে হবে।

০৫। যেসব শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব দেয়াল নেই সেসব প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নির্ধারিত দেয়ালে গ্রাফিতি প্রতিযোগিতায় অংশ নেবে।

০৬। মাধ্যমিক পর্যায়ে.(৬ষ্ঠ-১০ম শ্রেণি/কারিগরি ও মাদ্রাসার সমপর্যায়) এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে (১১শ-১২শ শ্রেণি/কারিগরি ও মাদ্রাসার সমপর্যায়) প্রতিষ্ঠানভিত্তিক আলাদা আলাদা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

০৭। অন্য কোনো গ্রাফিতি বা সংবেদনশীল অঙ্কন মুছে গ্রাফিতি অঙ্কনের স্থান নির্ধারণ করা যাবে না। গ্রাফিতি অঙ্কনের স্থানটি নতুন ও যথোপযুক্ত হতে হবে। তবে পূর্বের গ্রাফিতি একান্তই মুছে ফেলার প্রয়োজন হলে তা ভিডিও ধারণপূর্বক সংরক্ষণ করে মুছে ফেলতে হবে।

০৮। প্রতিষ্ঠান প্রধানগণ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্য হতে প্রতিযোগী নির্বাচন করবেন ও উপজেলা/থানা কমিটির সদস্যের উপস্থিতিতে প্রতিযোগীগণ সমস্ত উপকরণসহ গ্রাফিতি অঙ্কনের নির্ধারিত স্থানে সমবেত হয়ে গ্রাফিতি অঙ্কন কার্যক্রমে অংশগ্রহণ করবে। অঙ্কন শেষে উপজেলা/থানা কমিটি ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী প্রতিষ্ঠান নির্বাচন করবে এবং মানসম্মত ও নির্বাচিত গ্রাফিতি ও চিত্রাঙ্কনের স্থিরচিত্র ও ভিডিও ধারণ করে সংরক্ষণ করবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে **১ম স্থান, ২য় স্থান ও ৩য় স্থান** অধিকারী প্রতিষ্ঠানসমূহের তালিকা পৃথকভাবে জেলা কমিটির নিকট প্রেরণ করবে।

০৯। জেলা কমিটির সদস্যের উপস্থিতিতে উপজেলা/থানা পর্যায়ে বিজয়ী প্রতিষ্ঠানসমূহ সমস্ত উপকরণসহ গ্রাফিতি অঙ্কনের নির্ধারিত স্থানে সমবেত হয়ে গ্রাফিতি অঙ্কন কার্যক্রমে অংশগ্রহণ করবে। অঙ্কন শেষে জেলা কমিটি ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী প্রতিষ্ঠান নির্বাচন করবে এবং মানসম্মত ও নির্বাচিত গ্রাফিতি ও চিত্রাঙ্কনের স্থিরচিত্র ও ভিডিও ধারণ করে সংরক্ষণ করবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে **১ম স্থান, ২য় স্থান ও ৩য় স্থান** অধিকারী প্রতিষ্ঠানসমূহের তালিকা পৃথকভাবে বিভাগীয় কমিটির নিকট প্রেরণ করবে।

১০। বিভাগীয় কমিটির সদস্যের উপস্থিতিতে জেলা পর্যায়ে বিজয়ী প্রতিষ্ঠানসমূহ সমস্ত উপকরণসহ গ্রাফিতি অঙ্কনের নির্ধারিত স্থানে সমবেত হয়ে গ্রাফিতি অঙ্কন কার্যক্রমে অংশগ্রহণ করবে। অঙ্কন শেষে বিভাগীয় জেলা কমিটি ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী প্রতিষ্ঠান নির্বাচন করবে এবং মানসম্মত ও নির্বাচিত গ্রাফিতি ও চিত্রাঙ্কনের স্থিরচিত্র ও ভিডিও ধারণ করে সংরক্ষণ করবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে **১ম স্থান, ২য় স্থান ও ৩য় স্থান** অধিকারী প্রতিষ্ঠানসমূহের তালিকা পৃথকভাবে নির্বাহী কমিটির নিকট প্রেরণ করবে। মানসম্পন্ন সকল স্থিরচিত্র ও ভিডিও julyforever.gov.bd ওয়েবসাইটে আপলোড করবে।

১১। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগর পর্যায়ের থানা কমিটি প্রতিযোগিতা বাস্তবায়ন ও মূল্যায়ন করবে এবং অন্যান্য মহানগরীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সদর উপজেলা পর্যায়ের কমিটি বাস্তবায়ন ও মূল্যায়ন করবে।

১২। উপজেলা/থানা পর্যায়ে মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ-১০ম শ্রেণি/কারিগরি ও মাদ্রাসার সমপর্যায়) এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে (১১শ-১২শ শ্রেণি/কারিগরি ও মাদ্রাসার সমপর্যায়) প্রতিষ্ঠানভিত্তিক (১ম, ২য় ও ৩য়) নির্বাচন করে আলাদাভাবে ১ম পুরস্কার হিসেবে ৭,০০০/- টাকা, ২য় পুরস্কার হিসেবে ৫,০০০/- টাকা এবং ৩য় পুরস্কার হিসেবে ৩,০০০/- টাকা বরাদ্দা দেয়া হবে। অনুরূপভাবে জেলা পর্যায়ে ১ম পুরস্কার হিসেবে ১০,০০০/- টাকা, ২য় পুরস্কার হিসেবে ৭,০০০/- টাকা এবং ৩য় পুরস্কার হিসেবে ৫,০০০/- টাকা বরাদ্দ দেয়া হবে।

১৩। ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী মাধ্যমিক পর্যায়ের (৬ষ্ঠ-১০ম শ্রেণি/কারিগরি ও মাদ্রাসার সমপর্যায়) এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে (১১শ-১২শ শ্রেণি/কারিগরি ও মাদ্রাসার সমপর্যায়) প্রতিষ্ঠানগুলোকে আলাদাভাবে 'বিভাগীয় পর্যায়ে যথাক্রমে ৩ লক্ষ, ২ লক্ষ এবং ১ লক্ষ টাকা পুরস্কার এবং কেন্দ্রীয়ভাবে ৫ আগষ্ট ২০২৫ তারিখ একটি মাধ্যমিক ও একটি উচ্চ মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানকে ৫ লক্ষ টাকা করে পুরস্কার প্রদান করা হবে।

১৪। অনুষ্ঠান আয়োজন বাবদ উপজেলা/থানা পর্যায়ে ৩০,০০০/- টাকা, জেলা পর্যায়ে ৫০,০০০/- টাকা এবং বিভাগীয় পর্যায়ে ৫০,০০০/- টাকা বরাদ্দ দেয়া হবে।

৩০/০৭/২৫